

বাংলাদেশ দূতাবাস

এথেন্স, গ্রীস

প্রেস বিজ্ঞপ্তি

এথেন্স, ১৪ জুন ২০১৭

গ্রীসে প্রবাসী বাংলাদেশীদের বহির্গমন ডাটাবেজে অন্তর্ভুক্তকরণ অনুষ্ঠান

গ্রীসের বাংলাদেশ দূতাবাসে আজ ১৪ জুন ২০১৭ অনুষ্ঠিত হয়ে গেলো প্রথমবারের মতো প্রবাসী বাংলাদেশীদের বহির্গমন ডাটাবেজে অন্তর্ভুক্তকরণ অনুষ্ঠান। এর মধ্য দিয়ে প্রবাসে থেকেও বাংলাদেশীরা খুব সহজে বাংলাদেশ সরকারের প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণায়ের অধীন ওয়েজ আর্নর্স কল্যাণ বোর্ডের বহির্গমন ডাটাবেজে অন্তর্ভুক্ত হতে পারবেন। এই অন্তর্ভুক্তির মধ্য দিয়ে প্রবাসীরা সরকার প্রদত্ত নানা ধরনের সুযোগ সুবিধা গ্রহণে সক্ষম হবেন।

এই উপলক্ষে আয়োজিত আলোচনায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণায়ের যুগ্ম সচিব জনাব নারায়ন চন্দ্র বর্মা বলেন যে, প্রবাসে বৈধভাবে কর্মরত প্রবাসী বাংলাদেশী কর্মীসহ সকল প্রবাসী কর্মী ও তাদের পরিবারের সদস্যদের কল্যাণ নিশ্চিত করতে সরকার বদ্ধপরিকর। ওয়েজ আর্নর্স কল্যাণ বোর্ডের মহাপরিচালক জনাব গাজী মোহাম্মদ জুলহাস, এনডিসি আলোচনায় অংশ নিয়ে গুলশানে ১৬০ কাঠা জায়গায় প্রবাসীদের জন্য হাসপাতাল, শিশুদের জন্য স্কুল, কলেজ প্রতিষ্ঠা ইত্যাদিসহ সরকার গৃহীত বিভিন্ন কর্মসূচীর কথা তুলে ধরেন। তিনি জাতীয় অর্থনীতিতে প্রবাসীদের অবদানের কথা তুলে ধরে প্রবাসী বাংলাদেশীদের ভূমিকার কথা বিশেষভাবে উল্লেখ করেন। জনাব গাজী মোহাম্মদ জুলহাস, এনডিসি প্রবাসী কল্যাণ ব্যাংকের মাধ্যমে প্রবাসীদের জন্য বিভিন্ন আর্থিক সুবিধাদির কথা উল্লেখ করে বাংলাদেশের সব জেলায় এর কার্যক্রম বিস্তৃত করার কথা জানান। নতুন অর্থ বছরে প্রবাসীদের রেমিটেন্সের উপর থেকে কমিশন প্রত্যাহারের সরকারী উদ্যোগের প্রসংগ টেনে তিনি বৈধ পথে রেমিটেন্স পাঠানোর উপর জোর দেন। বহির্গমন ডাটাবেজের কার্যক্রম বেগবান করার জন্য প্রয়োজনীয় জনবল এবং অন্যান্য সহায়তা প্রদানেরও আশ্বাস দেন তিনি।

গ্রীসে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জনাব মোঃ জসীম উদ্দিন বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার প্রবাসীদের কল্যাণের লক্ষ্যে সবসময়ই সজাগ রয়েছেন। সরকারের কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে দূতাবাস গৃহীত বিভিন্ন জনবান্ধব কর্মসূচীর কথা উল্লেখ করে তিনি প্রবাসী বাংলাদেশীদের ঐক্যবদ্ধভাবে কাজ করার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি প্রবাসী বাংলাদেশীদের বাংলাদেশ সরকারের ডাটাবেজে অন্তর্ভুক্তকরণ কর্মসূচী সফল করার জন্য স্বতঃস্ফূর্তভাবে এগিয়ে আসার আহবান জানান।

উল্লেখ্য, গত ৮ জুন ২০১৭ তারিখে ঢাকা থেকে গ্রীসস্থ বাংলাদেশ দূতাবাসের সাথে ভিডিও কনফারেন্সের মাধ্যমে সরকারের ডাটাবেজে অন্তর্ভুক্তকরণ কর্মসূচীর উদ্বোধন করেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণায়ের মাননীয় মন্ত্রী জনাব নুরুল ইসলাম বিএসসি। ইতোমধ্যে প্রবাসী বাংলাদেশীদের মধ্যে এ নিয়ে ব্যাপক সাড়া জেগেছে। প্রবাসীদের জন্য সরকারের প্রশংসনীয় উদ্যোগকে প্রবাসীরা অত্যন্ত সমরোপযোগী পদক্ষেপ বলে উল্লেখ করেন।

দূতাবাসের প্রথম সচিব জনাব সুজন দেবনাথের সঞ্চালনায় ডাটাবেজে অন্তর্ভুক্তকরণ অনুষ্ঠানে সূচনা বক্তব্য রাখেন দূতাবাসের কাউন্সেলর (শ্রম) ড. সৈয়দা ফারহানা নূর চৌধুরী। পবিত্র রমজানের মধ্যেও গ্রীসে বসবাসকারী বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক, আঞ্চলিক ও ব্যবসায়িক সংগঠনের নেতৃবৃন্দসহ প্রবাসী বাংলাদেশী নাগরিকগণ এই অনুষ্ঠানে অংশ গ্রহণ করেন।



Shoddy

14.06.2017